

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২৪৩-আইন/২০১২/৬৬০-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪) ধারা ১৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৬-আইন/২০১২/৬৪৪-মূসক এর মাধ্যমে জারিকৃত মূল্য সংযোজন কর এর আওতায় কেন্দ্রীয় নিবন্ধন ও কর পরিশোধ পদ্ধতি বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৩। প্রযোজ্যতা।-এই বিধিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:-

- (ক) যেক্ষেত্রে কোন উৎপাদনকারী একটি স্থানে পণ্য উৎপাদনপূর্বক বিভিন্ন বিক্রয় কেন্দ্রের মাধ্যমে পণ্য সরবরাহ করেন;
- (খ) যেক্ষেত্রে কোন বাণিজ্যিক আমদানিকারক তার নিবন্ধিত ঠিকানায় পণ্য আমদানিপূর্বক বিভিন্ন বিক্রয় কেন্দ্রের মাধ্যমে পণ্য সরবরাহ করেন; এবং
- (গ) যেক্ষেত্রে কোন সেবা প্রদানকারী বিভিন্ন শাখার মাধ্যমে সেবা প্রদান করেন।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোহাম্মদ শফি উদ্দিন]

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)